

২০১৪-২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ-

বিজ্ঞপ্তি নং- ১৬০

তারিখ: ১৬/০৬/১৭

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এই কলেজে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন ফরম আগামী ২১/০৩/২০১৭ তারিখ (মঙ্গলবার) হতে ৩০/০৩/২০১৭ তারিখ (বৃহস্পতিবার) পর্যন্ত (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) রেজিস্ট্রেশন ফি ৮০০/-, আবেদন ফি ৩০০/-, বিবিধ ১০০/-, ব্যবস্থাপনা ফি ৫০/-, অত্যাবশ্যিকীয় কর্মচারী ৪৫০/- মোট=১৭০০/- (একহাজার সাতশত টাকা) কলেজ জনতা ব্যাংক বুথে জমা দিয়ে অনলাইনে ফরম পূরণ করে নিম্নলিখিত কাগজপত্রসহ কলেজ অফিসে জমা করতে হবে।

আবেদনের যোগ্যতাঃ

- জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৩ বছর মেয়াদী স্নাতক (পাস) ও ০৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- আবেদনের যোগ্যতা সাপেক্ষে কারা বিধি মোতাবেক সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদনের যোগ্য।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন যোগ্য।

বিষয় নির্বাচন :

- কারমাইকেল কলেজের জন্য নির্ধারিত বিষয় : ১। বাংলা, ২। ইংরেজি, ৩। ইতিহাস, ৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ৫। দর্শন, ৬। আরবি, ৭। ইসলামি শিক্ষা, ৮। রাষ্ট্রবিজ্ঞান, ৯। অর্থনীতি, ১০। হিসাববিজ্ঞান, ১১। ব্যবস্থাপনা।
- বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত বিষয়ে) পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করা যাবে।
- স্নাতক (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগ্রদ্বীয় বিষয় হিসেবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে;
- ন্যূনতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতিত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে আবেদন করা যাবে না।

শর্তাবলীঃ

- স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের সুযোগ থাকবে না;
- স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সের জন্য চলতি শিক্ষাবর্ষের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।
- শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে;
- কোন শিক্ষার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।
- স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নোক্ত কাগজ-পত্রাদি সংযুক্ত করে জমা দিতে হবেঃ

- এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/ ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;
- সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল/সাময়িক সনদপত্র, নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
- প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রত্যয়নপত্র।

বিঃদ্রঃ প্রতিটি বিষয়ের জন্য আসন সংখ্যা ১০০০ (এক হাজার) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত।

স্মরণক-নম্বরঃ ১৬০

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ

- উপাধ্যক্ষ, এইকলেজ
- ব্যবস্থাপক, জনতা ব্যাংক, লালবাগ বাজার শাখা, রংপুর
- প্রধান সহকারী/হিসাবরক্ষক/ক্যাশিয়ার, একাডেমিক শাখা, এই কলেজ
- কলেজ ওয়েব সাইট/ নোটিশ বোর্ড
- সংরক্ষণ নথি।

স্বঃ

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর
তারিখঃ

১৫/৪/১৭
অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর
(প্রফেসর ড. মোঃ আব্দুল লতিফ মিয়া-৫১৭৫)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর